



Directorate of Student Welfare (DSW)

Gazipur Agricultural University (GAU), Gazipur 1706.

বিজ্ঞপ্তি

গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের (বিএস, এমএস এবং পিএইচডি) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম-২০২৬ আগামী ১১ জুলাই ২০২৬ (শনিবার) বিকাল ৩:০০টায় বিশ্ববিদ্যালয়ের বেগম সুফিয়া কামাল অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন ড. আন ম এছানুল হক মিলন, এমপি, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন জনাব মীর শাহে আলম, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সিন্ডিকেট সদস্য, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় এবং জনাব এম মঞ্জুরুল করিম রনি, মাননীয় সংসদ সদস্য, গাজীপুর-২। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন প্রফেসর ড. জিকেএম মোস্তাফিজুর রহমান, মাননীয় ভাইস-চ্যান্সেলর, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়।

এ বিষয়ে নবীন শিক্ষার্থীদের নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

১। নবীন শিক্ষার্থীরা নিজ নিজ আবাসিক হলে ১০ জুলাই ২০২৬ (শুক্রবার) থেকে প্রবেশ করতে পারবে।

২। ওরিয়েন্টেশন অনুষ্ঠানের দিন, অর্থাৎ ১১ জুলাই ২০২৬ (শনিবার) দুপুর ১২:০০টায় নবীন শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের পুরাতন অডিটোরিয়ামে রিপোর্টিং সম্পন্ন করে নির্ধারিত মধ্যাহ্নভোজ (Lunch) সংগ্রহ করবে এবং দুপুর ২:৩০টার মধ্যে বেগম সুফিয়া কামাল অডিটোরিয়ামে উপস্থিত থাকতে হবে।

নবীন শিক্ষার্থীদের যথাসময়ে উপস্থিত থেকে অনুষ্ঠানকে সুশৃঙ্খল ও সফল করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।



(প্রফেসর ড. মোহাম্মদ শরীফ রায়হান)

পরিচালক (ছাত্র কল্যাণ) ও

আহবায়ক, নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ২০২৬

গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর ১৭০৬, বাংলাদেশ।